

॥ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৩৬৩৫

২৮/ নয়র ও কসম

পরিচ্ছেদঃ গায়রূপ্লাহর নামে শপথ করা নিষেধ

আরবী

وَعَنْهُ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ حَلَفَ فَقَالَ : إِنِّي بَرِيءٌ مِّنَ الْإِسْلَامِ فَإِنْ كَانَ كَانَ كَانِبًاً ،
فَهُوَ كَمَا قَالَ وَإِنْ كَانَ صَادِقًاً فَلَنْ يَرْجِعَ إِلَى الْإِسْلَامِ سَالِمًاً رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

(৩৬৩৫) উক্ত রাবী (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ”যে ব্যক্তি কসম খেয়ে বলল যে, ‘আমি ইসলাম হতে (দায়) মুক্ত।’ অতঃপর যদি (তাতে) সে মিথ্যাবাদী হয়, তাহলে তেমনি হবে, যেমন সে বলেছে। আর যদি সে (তাতে) সত্যবাদী হয়, তাহলে নিখুঁতভাবে ইসলামে কখনোই ফিরতে পারবে না।” (আবু দাউদ ঢ২৬০, নাসাই, ইবনে মাজাহ ২১০০, হাকেম ৪/২৯৮, সহীহ আবু দাউদ ২৭৯৩)

ফুটনোট

(কেউ যদি কসম খেয়ে বলে যে, ‘এই কাজ করলে, আমি মুসলিম নই।’ অতঃপর সে তাতে মিথ্যাবাদী হয়, অর্থাৎ সেই কাজ করে ফেলে, তাহলে সে ইসলাম থেকে খারিজ হয়ে যাবে; যদি মনে সত্যই সেই নিয়াত করে থাকে। নচেৎ কেবল তাকীদ উদ্দেশ্য হলে মহাপাপ গণ্য হবে। পক্ষান্তরে কেউ যদি তার কসমে সত্যবাদী হয়, অর্থাৎ সেই কাজ সে না করে, তাহলেও সে নিখুঁতভাবে ইসলামে কখনোই ফিরতে পারবে না। কারণ ইসলাম নিয়ে এরূপ কসমের খেলা বৈধ নয়।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67383>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন